

পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং কোভিড-১৯ প্রতিরোধ

কোভিড-১৯ প্রতিরোধ সংক্রান্ত
সহায়তা

২ / ৫



সেইফটি কমিটির জন্য নির্দেশিকা

শ্রমিক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের জন্য পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা (ওএইচএস) সংক্রান্ত বিষয়ে সহযোগিতার উদ্দেশ্যে একটি ফোরাম প্রদান করার মাধ্যমে কর্মস্থলের অবস্থা উন্নত করার ক্ষেত্রে সেইফটি কমিটি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

একটি কার্যকর কমিটি যা করতে পারে:



আঘাত ও অসুস্থতা প্রতিরোধে সাহায্য করতে পারে।



শ্রমিক, সুপারভাইজার, ও ম্যানেজারদের মধ্যে স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে সচেতনতা বাড়াতে পারে।



এবং কর্মস্থলের পরিবেশ নিরাপদ ও স্বাস্থ্যসম্মত করার জন্য কৌশলসমূহ প্রণয়ন করতে পারে।

কার্যকর সেইফটি কমিটিগুলোর নিম্নলিখিত গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলোর দিকে মনোযোগ দেয়া উচিত:

- ১ | ঝুঁকি শনাক্তকরণ, মূল্যায়ন, ও নিয়ন্ত্রণ।
- ২ | দুর্ঘটনা/ঘটনার তদন্ত।
- ৩ | ওএইচএস পরিকল্পনা ও প্রশিক্ষণ।

বাংলাদেশের আইনী বিধান

বাংলাদেশের শ্রম আইন অনুযায়ী, প্রতিটি কারখানায় এবং কমপক্ষে ৫০ জন কর্মচারী রয়েছে এমন শিল্প স্থাপনায় একটি সেইফটি কমিটি থাকা বাধ্যতামূলক। কমিটির অর্ধেক সংখ্যক সদস্য অবশ্যই শ্রমিকদের অথবা ইউনিয়নগুলোর প্রতিনিধিত্ব করতে হবে এবং বাকি অর্ধেক অংশ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়ে গঠিত হবে। কমিটির আকার কারখানায় কর্মরত শ্রমিকদের সংখ্যার উপর নির্ভর করবে। মোট সদস্য সংখ্যা ছয় জনের কম অথবা ১২ জনের বেশি হতে পারবে না। প্রতি তিনমাসে কমপক্ষে একবার কমিটির বৈঠক আয়োজন করতে হবে, কিন্তু জরুরি প্রয়োজন দেখা দিলে সংক্ষিপ্ত সময়ের নোটিশেও বৈঠকের আয়োজন করা যাবে।

সেইফটি কমিটির জন্য বাংলাদেশের কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডিআইএফই) এর আইন ও নীতিমালা সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

ইটিআই-এর সহায়তা ও সহায়ক উপকরণসমূহ

ফ্যাক্টরির সেইফটি কমিটিগুলোর সক্ষমতা আরো জোরদার করার জন্য, ইটিআই বাংলা (বাংলাদেশ) ভাষায় একটি ফ্লিপচার্ট তৈরি করেছে। এটির লক্ষ্য হলো কারখানায় কমিটির নতুন সদস্যদের শিক্ষা ও অন্তর্ভুক্তিকে আরো সহজ করে তোলা। এটিকে স্বীকৃত বাহ্যিক সংস্থাগুলোর প্রদত্ত আনুষ্ঠানিক প্রশিক্ষণের পাশাপাশি একটি সহায়ক উপকরণ হিসেবে ব্যবহার করা উচিত। আদর্শ ক্ষেত্রে এই ফ্লিপচার্টটি ডাউনলোড করে, টেকসই ও উচ্চ-মানের কাগজে প্রিন্ট করে, কমিটির কাছে হার্ড কপি রেফারেন্স পয়েন্ট হিসেবে রেখে দেয়া উচিত।

এই ফ্লিপচার্ট ব্যবহারের উপায় সম্পর্কে কমিটির সদস্যদের প্রশিক্ষণ দেয়ার জন্য ইটিআই তিন-ঘণ্টার একটি অনলাইন প্রশিক্ষণ সেশন তৈরি করেছে।

এই অনলাইন প্রশিক্ষণ সেশনে অংশগ্রহণকারীরা নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর পাবেন:

- + নিরাপত্তা কমিটি কী এবং এর আইনি বাধ্যবাধকতাসমূহ কী?
- + একটি নিরাপত্তা কমিটি কিভাবে গঠন করতে হবে, এবং কিভাবে সদস্য নির্বাচন করতে হবে?
- + একটি নিরাপত্তা কমিটির ভূমিকা ও দায়িত্বসমূহ কী কী?
- + একটি নিরাপত্তা কমিটি কিভাবে কাজ করে?

প্রশিক্ষণের পরে ইটিআই কমিটিগুলোকে পরামর্শমূলক সহায়তাও প্রদান করবে। ইটিআই এর সহায়তা কমিটিগুলোকে প্রদত্ত কর্মপরিকল্পনা ছক ব্যবহার করে বার্ষিক কর্মপরিকল্পনার একটি রূপরেখা তৈরিতে সাহায্য করতে পারে। কমিটির সব সদস্যের সম্মতি পাওয়ার পরে তদারকি ও জবাবদিহিতা সহজতর করতে এই কর্মপরিকল্পনাটি উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে শেয়ার করা যাবে।

বাংলাদেশের তৈরি পোশাক কারখানার জন্য ইটিআই-এর কোভিড-১৯ বিষয়ক শিখন উপকরণসমূহ

এই নির্দেশিকা এবং এতে উল্লিখিত প্রশিক্ষণ মডিউলটি যুক্তরাজ্যের ফরেন, কমন্সওয়েলথ এন্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও)-এর অর্থায়নে ভালনারবেল সাপ্লাই চেইনস ফ্যাসিলিটি (ডিএসসিএফ) নামক উদ্যোগের অধীনে তৈরি করা হয়েছে। কোভিড-১৯ এর ব্যাপারে দ্রুত সাড়াধানের এই উদ্যোগটি ব্যবস্থাপনা করছে মট ম্যাকডোনাল্ড লিমিটেড। এই ফ্যাসিলিটি বাংলাদেশ, ইথিওপিয়া, ঘানা, কেনিয়া, মিয়ানমার, তাজানিয়া, ও জিম্বাবুয়ের ১০০ এরও বেশি সরবরাহকারীকে সহায়তাকারী যুক্তরাজ্যের এবং আন্তর্জাতিক ২০টি খুচরা বিক্রেতা ও ব্র্যান্ড, এবং সাতটি অলাভজনক সংস্থার সাথে অংশীদারিত্ব গড়ে তুলেছে। এটি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় দশ লাখ নারী ও পুরুষকে অর্থনৈতিক, সামাজিক, স্বাস্থ্যগত সুবিধা প্রদান করবে।